

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বরগুনা।

স্মারক নং- জেপ্রাশিঅ/বরগুনা/৪৭৭

তারিখ: ১৭/০৪/২০২৪খ্রি:

বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৪” এ যারা বরগুনা জেলায় চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন এবং যাদের নামের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে তাদেরকে আগামী ০২/০৫/২০২৪খ্রি. তারিখ অত্র দপ্তরে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

- ২। চাকুরিতে যোগদানকালে তাঁকে নির্ধারিত ছকে (ইতিপূর্বে অত্র দপ্তরের ওয়েব সাইটে আপলোডকৃত) ০৩ কপি যোগদানপত্র এবং ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প (চুক্তিকৃত স্ট্যাম্পের ০১ সেট ফটোকপিসহ) এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- ০৩। পদায়নকৃত শিক্ষক/শিক্ষিকাগণ আগামী ০৭ মে ২০২৪ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত বিদ্যালয়ে যোগদান করবেন।

অনুরোধক্রমে-

(মো: আবদুল মুকিত মোল্লা)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বরগুনা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০২। জেলা প্রশাসক, বরগুনা।
০৩। পুলিশ সুপার, বরগুনা।
০৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
০৫। সংরক্ষণ নথি।